মুজিবনগরে গুডনেইবার্সের উদ্যোগে সরকারি স্কুল শিক্ষকদের প্রশিক্ষণ

মুজিবনগরের গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর উদ্যোগে উপজেলার সরকারি মাধ্যমিক ও প্রাথমিক স্কুলের ইংরেজি ও গণিত শিক্ষকদের বেসিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে উপজেলার বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয় এবং বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কক্ষে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালা মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার বিভব দেওয়ান, উপজেলা সহকারী শিক্ষা অফিসার মোহাম্মদ সামসুজ্জোহা, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম, গুডনেইবার্স এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ।

প্রশিক্ষণ কর্মশালায় উপজেলার ৫টি মাধ্যমিক বিদ্যালয়ের ১ জন করে ইংরেজি ও অংকের শিক্ষক এবং ৫টি প্রাথমিক বিদ্যালয়ের ১জন করে অঙ্ক ও ইংরেজি শিক্ষক নিয়ে মোট ২০ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন।

মাধ্যমিক পর্যায়ে প্রশিক্ষক হিসেবে ছিলেন, আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর সহকারী শিক্ষক মোশারফ হোসেন এবং ফিরাতুল ইসলাম। প্রাথমিক পর্যায়ে প্রশিক্ষক হিসেবে ছিলেন, কেদারগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শাহজাহান আলী এবং মুজিবনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক রাজিব মিয়া।